

কারিগরি ও মাদরাসা বিভাগের কর্মকর্তাদের সাথে বৈঠকে শিক্ষামন্ত্রী
কারিগরি শিক্ষাই হবে দেশের ভবিষ্যৎ নির্মাণের মূল শক্তি

ঢাকা, ২৮ জুন

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কারিগরি শিক্ষাই হবে দেশের ভবিষ্যৎ নির্মাণের মূল শক্তি। কারিগরি শিক্ষায় শিক্ষার্থীর সংখ্যা বাড়াতে হবে। কারিগরি শিক্ষার মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরি করতে হবে।

শিক্ষামন্ত্রী আজ ঢাকায় পরিবহন পুল ভবনে কারিগরি ও মাদরাসা বিভাগের সম্মেলন কক্ষে বিভাগের কর্মকর্তাদের সাথে এক সভায় একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, কারিগরি ও মাদরাসা শিক্ষায় বৈপ্লবিক পরিবর্তন এসেছে। কারিগরি শিক্ষায় শিক্ষার্থী ভর্তি বৃদ্ধি পেয়েছে। সবাইকে এব্যাপারে আরো উৎসাহী ও আগ্রহী করে তুলতে হবে। তিনি বলেন, শুধু সার্টিফিকেট অর্জনের শিক্ষায় শিক্ষিত হলেই চলবে না। দক্ষতা অর্জন করতে হবে। কারিগরি শিক্ষার বিস্তারে এ বিভাগের কর্মকর্তাদের দায়িত্ব অনেক বলে তিনি উল্লেখ করেন।

তিনি বলেন, মাদরাসা শিক্ষায় গনিত, বিজ্ঞান, আইসটি, অর্থনীতিসহ সকল আধুনিক বিষয় চালু করা হয়েছে। মাদরাসা শিক্ষাকে অনেক আধুনিকায়ন করা হয়েছে।

সভায় কারিগরি ও মাদরাসা বিভাগের ভারপ্রাপ্ত সচিব মো. আলমগীর, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাসসহ বিভাগ ও দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এর আগে তিনি কর্মকর্তা-কর্মচারীদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯